ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ৪৬৫৩

আগরতলা,৮ জানুয়ারি,২০২৬

## রাজ্য সরকার মানসিক দিব্যাঙ্গজনদের জন্যও হোম এবং রিক্রিয়েশন সেন্টার তৈরির উদ্যোগ নিয়েছে : সমাজকল্যাণমন্ত্রী

আজ সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধীনে থাকা বিভিন্ন হোমের ছাত্রছাত্রীরা আগরতলা বইমেলায় বই কিনতে ও ঘুরতে আসে। দপ্তরের পক্ষ থেকে গত দু'বছর ধরে এ ধরনের আয়োজন করা হচ্ছে। সস্ত্রীক সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায়ও এ সময় বইমেলা প্রাঙ্গণে উপস্থিত হন এবং আগত ছাত্রছাত্রীদের উৎসাহ প্রদান করেন। এ সময় সংক্ষিপ্ত আলোচনায় সমাজকল্যাণমন্ত্রী বলেন, হোমের ছাত্রছাত্রীরা কোনও অংশেই সাধারণ ছাত্রছাত্রীদের থেকে পিছিয়ে নেই। নিজের চলার পথকে আরও বেশি অঙ্গীকারবদ্ধ করতে তিনি ২০২৫ প্যারিস প্যারা অলিম্পিকে পদকজয়ী ভারতীয় তীরন্দাজ শীতল দেবীর উদাহরণ সকলের সামনে তুলে ধরেন। সমাজকল্যাণমন্ত্রী তাঁর বক্তব্যে জানান, রাজ্য সরকার মানসিক দিব্যাঙ্গজনদের জন্যও হোম এবং রিক্রিয়েশন সেন্টার তৈরির জন্য উদ্যোগ নিয়েছে।

আজকের এই কর্মসূচিতে প্রায় ১৮০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। প্রথম থেকে পঞ্চম শ্রেণির ছাত্রছাত্রীদের ২০০ টাকা, ষষ্ঠ ও সপ্তম শ্রেণির ছাত্রছাত্রীদের ৩০০ টাকা এবং অষ্টম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের প্রত্যেককে বই কেনা বাবদ ৫০০ টাকা করে দপ্তরের পক্ষ থেকে দেওয়া হয় বলে জানান সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন দাস। কর্মসূচিতে সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন স্তরের কর্মচারিগণ ছাড়াও তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা মনোজ কুমার সাহা, উপ-অধিকর্তা রজতকান্তি দাসও উপস্থিত ছিলেন।

*****